



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ অনুমোদন শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৬.২০.৩৩

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯

৩০ নভেম্বর ২০২২

বিষয়: মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৩৫২৫/২০২২ সম্পর্কে অবগতকরণ  
ও আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে

সূত্র: মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৩৫২৫/২০২২ এর আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন তেতুল শেখ কলেজের চলমান গভর্নিং বডি'র সভাপতিসহ অন্যান্য সদস্যদের বিরুদ্ধে বিধিবিহীনভাবে রেজুলেশন করে কর্মকাণ্ড পরিচালনাসহ নানাবিধ অনিয়মের কারণে গত ৩১-১০-২০২২ খ্রি. তারিখে এ বোর্ড হতে ইস্যুকৃত ৩৭.১১.৪০৪১.৩১.০০১.২০.১৭ সংখ্যক স্মারকে চলমান গভর্নিং বডি বাতিল করে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হয় এবং তৎপ্রেক্ষিতে গত ১৪-১১-২০২২ খ্রি. তারিখে ৩৭.১১.৪০৪১.৪৪১.১১.০০১.২০.১৩৭৪ সংখ্যক স্মারকে এডহক কমিটি অনুমোদন করা হয়। পরবর্তীতে জনাব মো: তমিজ উদ্দিন বোর্ড হতে ইস্যুকৃত স্মারক পত্রকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে ১৩৫২৫/২০২২ নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনের গত ১৪-১১-২০২২ খ্রি. তারিখের আদেশে মহামান্য হাইকোর্ট গত ৩১-১০-২০২২ খ্রি. তারিখে এ বোর্ড হতে ইস্যুকৃত ৩৭.১১.৪০৪১.৩১.০০১.২০.১৭ সংখ্যক স্মারকে গভর্নিং বডি বাতিল করা এবং এডহক কমিটি গঠনের অনুমতি সংক্রান্ত পত্রটি আদেশের তারিখ হতে পরবর্তী ০৬ মাসের জন্য স্থগিত করেছেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ১৩৫২৫/২০২২ নং রিট পিটিশনের গত ১৪-১১-২০২২ খ্রি. তারিখের আদেশ মোতাবেক গত ৩১-১০-২০২২ খ্রি. তারিখে এ বোর্ড হতে ইস্যুকৃত ৩৭.১১.৪০৪১.৩১.০০১.২০.১৭ সংখ্যক স্মারক পত্রটি আদেশের তারিখ হতে পরবর্তী ০৬ মাসের জন্য স্থগিত করা হলো।

০২। গত ১৪-১১-২০২২ খ্রি. তারিখে এ বোর্ড হতে ইস্যুকৃত ৩৭.১১.৪০৪১.৪৪১.১১.০০১.২০.১৩৭৪ সংখ্যক স্মারকে এডহক কমিটি অনুমোদন সংক্রান্ত পত্রটি প্রত্যাহার করা হলো।

৩০-১১-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল: ic@jessoreboard.gov.bd

অধ্যক্ষ, তেতুল শেখ কলেজ

সরোজগঞ্জ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০৬.২০.৩৩/১(৬)

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯

৩০ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, চুয়াডাঙ্গা
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা
- ৬) জনাব মো: তমিজ উদ্দিন, পিতা-ওয়াহেদ আলী, গ্রাম- জলিবিলা, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা



৩০-১১-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক